



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়


বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭(২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ১৪(১) অনুসারে আমি, মোঃ ফারুক হোসেন, উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার ১) চিত্রকোট, ২) শেখরনগর, ৩) রাজানগর, ৪) কেয়াইন, ৫) বাসাইল, ৬) লতঙ্গী, ৭) বালুচর, ৮) বয়রাগাদী, ৯) মালখানগর, ১০) মধ্যপাড়া, ১১) ইছাপুরা, ১২) জৈনসার, ১৩) কোলা, ১৪) রশুনিয়া ইউনিয়নের ভোটার এলাকাসমূহের/তালিকায় উল্লিখিত এলাকাসমূহের সম্পূরক ভোটার তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে ৩০ জুন ২০২৫ তারিখ পর্যন্ত ভোটার ডাটাবেইজে অন্তর্ভুক্ত ০১/০১/২০০৭ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন ভোটার যোগ্য ব্যক্তিদের নিয়ে সম্পূরক ভোটার তালিকা ও কর্তন যোগ্য মৃত ভোটারদের ভোটার তালিকা প্রকাশ করতেন।

২।উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির দাবী অথবা অন্তর্ভুক্তির বিরুদ্ধে আপত্তি অথবা অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনী দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশনার তারিখ হইতে আগামী ২১ আগস্ট ২০২৫ খ্রি: তারিখের মধ্যে আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিস, সিরাজদিখান, মুন্সীগঞ্জ) দাখিল করিতে হইবে।

টিকা : অফিস সময়ে আমার কার্যালয়ে অথবা প্রকাশিত স্থানসমূহে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা দেখা যাইবে।

স্থান : উপজেলা নির্বাচন অফিস, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
তারিখ : ১০/০৮/২০২৫ ইং



মোঃ ফারুক হোসেন
উপজেলা নির্বাচন অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ
ও
রেজিস্ট্রেশন অফিসার

নং: ১৭.০২.৫৯৯৪.০০০.০৫৭.০০১.২৫- ২৭৭

তারিখ: ১০ আগস্ট ২০২৫ খ্রি:

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয় সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ৬। চেয়ারম্যান.....(সংশ্লিষ্ট সকল) ইউনিয়ন পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ (বিজ্ঞপ্তি বহল প্রচারের অনুরোধসহ)।
- ৭। নোটিশ বোর্ড।


উপজেলা নির্বাচন অফিসার
সিরাজদিখান, মুন্সীগঞ্জ
ও
রেজিস্ট্রেশন অফিসার